গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮।
ফ্যাক্সঃ ০২-৮৮৭৯১৯৯ ফোনঃ ০২-৮৮৭৯২৯৯
E-mail: ce@rhd.gov.bd

স্মারক নং- ১ প্রশা: ২০৩/২০১৯ - ৩৫৩ (৫০) - ২ তারিখঃ ০৪/০৮/১৯

অফিস আদেশ

গত ০২-০৭-২০১৯ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের সভাকক্ষে মন্ত্রিপরিষদ সচিব এর সভাপতিত্বে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৪তম শাহাদাত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের কর্মসূচী চূড়ান্তকরণ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহীত কর্মসূচীর উপর ০১-০৮-২০১৯ তারিখ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৪তম শাহাদাত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের কর্মসূচী প্রণয়ন ও বাস্তবায়ন সম্পর্কিত সভা অনুষ্ঠিত হয়।

গত ০২-০৭-২০১৯ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের সভাকক্ষে মন্ত্রিপরিষদ সচিব এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় গৃহীত কর্মসূচীর উপর সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৪তম শাহাদাত বার্ষিকী (১৫-০৮-২০১৯ তারিখ জাতীয় শোক দিবস) যথাযথভাবে পালনের নিমিত্তে সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক গৃহিত কর্মসূচীর (সংযুক্ত) ক্রম-১, ২, ৩, ৪ ও ৫ এর সিদ্ধান্ত বাস্তবায়ন করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

উল্লেখ্য, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৪তম শাহাদাত বার্ষিকী (১৫-০৮-২০১৯ তারিখ জাতীয় শোক দিবস) উপলক্ষ্যে প্রত্যেক বিভাগ/জেলা/উপজেলায় কেন্দ্রীয়ভাবে আয়োজিত সকল কর্মসূচীতে সওজ অধিদপ্তরের স্থানীয় কর্মকর্তাগণকে উপস্থিত থাকতে হবে। অন্যথায় জাতীয় শোক দিবসের অনুষ্ঠানে অনুপস্থিত কর্মকর্তার তালিকা প্রস্তুত করে জেলা প্রশাসন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করবেন মর্মে গত ০২-০৭-২০১৯ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের সভাকক্ষে মন্ত্রিপরিষদ সচিব এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

৪/৮/১৯
(ইবনে আলম হাসান)
পরিচিতি নং-০০১০৩৩
প্রধান প্রকৌশলী
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

বিতরণ (তাঁর আওতাধীন সকল দপ্তরের জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুরোধসহ) ঃ

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ উইং/ব্রীজ ম্যানেজমেন্ট উইং /যান্ত্রিক উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা/টেকনিক্যাল সার্ভিসেস উইং/ঢাকা জোন, এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা/ময়মনসিংহ জোন/কুমিল্লা জোন/রাজশাহী জোন/বরিশাল জোন/খুলনা জোন/চট্টগ্রাম জোন/রংপুর জোন/সিলেট জোন/গোপালগঞ্জ জোন।
২। প্রকল্প পরিচালক (অঃপ্রঃপ্রঃ), সওজ, ৩য় শীতলক্ষ্যা সেতু নির্মাণ প্রকল্প, ঢাকা/গ্রেটার ঢাকা সাসটেইনেবল আরবান ট্রান্সপোর্ট প্রজেক্ট (বিআরটি), ঢাকা/কাঁচপুর, মেঘনা ও গোমতি ২য় সেতু নির্মাণ এবং বিদ্যমান সেতু পুনর্বাসন প্রকল্প, ঢাকা/সাসেক সড়ক সংযোগ প্রকল্প: জয়দেবপুর-চন্দ্রা-টাঙ্গাইল-এলেঙ্গা সড়ক (এন-৪) ৪-লেনে মহাসড়কে উন্নীতকরণ প্রকল্প, ঢাকা/টেকনিক্যাল এ্যাসিসটেন্স ফর সাব-রিজিয়নাল রোড ট্রান্সপোর্ট প্রজেক্ট প্রিপ্রেরেটরি ফ্যাসিলিটি-II, ঢাকা/ওয়েষ্টার্ণ বাংলাদেশ ব্রীজ ইম্প্রুভমেন্ট প্রজেক্ট, ঢাকা/ক্রস বর্ডার নেটওয়ার্ক ইম্প্রুভমেন্ট প্রজেক্ট (বাংলাদেশ), ঢাকা/সাসেক সড়ক সংযোগ প্রকল্প-II: এলেঙ্গা-হাটিকামরুল-রংপুর মহাসড়ক চার লেনে উন্নীতকরণ প্রকল্প, ঢাকা/আশুগঞ্জ-নদীবন্দর-সরাইল-ধরখার-আখাউড়া স্থলবন্দর মহাসড়ককে চার লেনে জাতীয় মহাসড়কে উন্নীতকরণ, ঢাকা/মাতারবাড়ী কয়লা নির্ভর বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র নির্মাণ প্রকল্প (সওজ অংশ), ঢাকা/রাজাপুর-নৈকাঠী-বেকুটিয়া-পিরোজপুর (জেড-৮৭০২) সড়কের বেকুটিয়া কচা নদীর উপর ৮ম বাংলাদেশ-চীন মৈত্রী সেতু নির্মাণ প্রকল্প।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/অতিরিক্ত প্রকল্প পরিচালক (সওজ), ...
৪। প্রকল্প পরিচালক (তঃপ্রঃ, সওজ), ৩য় কর্ণফুলী সেতু নির্মাণ প্রকল্প, চট্টগ্রাম/লেবুখালী সেতু নির্মাণ প্রকল্প, পটুয়াখালী/ঢাকা-সিলেট মহাসড়ক ভুলতায় ৪-লেন বিশিষ্ট ফ্লাইওভার নির্মাণ শীর্ষক প্রকল্প, ঢাকা/ইটনা-মিঠামইন-অষ্ট্রগ্রাম সড়ক নির্মাণ শীর্ষক প্রকল্প, কিশোরগঞ্জ।
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সওজ, ম্যানেজমেন্ট ইনফরমেশন সেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
(সওজ ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো ঃ

১। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

D:\Estab\Additional Charge-001-2019(15 Auguest meeting file).doc
(আল মাসুদ)

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদাত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের লক্ষ্যে সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক প্রণীত কর্মসূচী।

ক্রম	কর্মসূচী	বাস্তবায়ন
১.	১৫ আগষ্ট ২০১৯ তারিখ বৃহস্পতিবার সূর্যোদয়ের সাথে সাথে সওজ অধিদপ্তরের আওতাধীন সকল অফিসে বাংলাদেশ ফ্ল্যাগ রুলস্ ১৯৭২ অনুযায়ী সঠিক মাপ ও রং-এর জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে এবং সূর্যাস্তের সাথে সাথে পতাকা নামিয়ে নিতে হবে।	সড়ক ও জনপথ অধিদপ্তরের হেডকোয়ার্টারসহ মাঠপর্যায়ের সকল কার্যালয়।
২.	সওজ অধিদপ্তরের ঢাকাস্থ সকল গ্রেডের কর্মচারীগণ সকাল ৭.০০ ঘটিকায় কলাবাগান ক্লাব প্রাঙ্গণে ১০'-০" x ৩'-৬" সাইজের নির্ধারিত ব্যানার ও ৩২' সাইজের রাউন্ড পুষ্পস্তবকসহ উপস্থিত হবেন। সেখান থেকে একযোগে যেয়ে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন করা হবে। সকাল ৭.০০ ঘটিকায় কলাবাগান ক্লাব প্রাঙ্গণে সকল গ্রেডের কর্মচারীদের উপস্থিত থাকার জন্য স্ব স্ব অফিস পত্র জারী করবে।	সড়ক ও জনপথ অধিদপ্তরের হেডকোয়ার্টারসহ ঢাকাস্থ বিভিন্ন দপ্তরের সকল গ্রেডের কর্মচারীগণ।
৩.	সওজ অধিদপ্তরের সকল গ্রেডের কর্মচারীদের কালো ব্যাচ ধারণ করতে হবে।	সড়ক ও জনপথ অধিদপ্তরের হেডকোয়ার্টারসহ মাঠপর্যায়ের বিভিন্ন দপ্তরের সকল গ্রেডের কর্মচারীগণ।
৪.	সওজ অধিদপ্তর ১৫ আগষ্ট ২০১৯ তারিখ বৃহস্পতিবার হেডকোয়ার্টারস্থ মসজিদে বাদ জোহর দোয়া মাহফিল ও বিশেষ মোনাজাতের আয়োজন করা হবে।	সড়ক ও জনপথ অধিদপ্তরের হেডকোয়ার্টারসহ ঢাকাস্থ বিভিন্ন দপ্তরের সকল গ্রেডের কর্মচারীগণ।
৫.	প্রত্যেক বিভাগ/জেলা/উপজেলায় কেন্দ্রীয়ভাবে আয়োজিত সকল কর্মসূচীতে সওজ অধিদপ্তরের স্থানীয় কর্মকর্তাগণকে উপস্থিত থাকতে হবে। ● উল্লেখ্য, জাতীয় শোক দিবসের অনুষ্ঠানে অনুপস্থিত কর্মকর্তার তালিকা প্রস্তুত করে জেলা প্রশাসন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করবেন।	সড়ক ও জনপথ অধিদপ্তরের মাঠপর্যায়ের সকল কার্যালয় এবং এর অধীনস্থ সকল গ্রেডের কর্মচারীগণ।